

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd.com

বিষয়: খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি'র নিকট
হস্তান্তর সম্পর্কিত আন্ত:মন্ত্রণালয় সভা।

সভাপতি : ড. রণজিৎ কুমার বিশ্বাস এনডিসি
তারিখ : ২৯ মার্চ ২০১৫
সময় : বেলা ১১:০০
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ

সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়ের সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে রয়েছে।

২. সভার শুরুতে উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, ২১-১১-১৯৯৩ সালে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে একটি হস্তান্তর চুক্তিনামা স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট তখনও প্রতিষ্ঠিত না হওয়ার কারণে তা হস্তান্তর করা সম্ভব হয়নি। পরবর্তীতে ২০০৩ সালে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট খাগড়াছড়ি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এ পর্যন্ত এর দৈনন্দিন কার্যক্রম সঠিক ও সুচারুভাবে চলছে। তিনি বলেন, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা আইন ২০১০ এর ৭ উপধারায় উদ্বৃত্ত আছে প্রত্যেক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান পরিচালনার জন্য ১০ সদস্য বিশিষ্ট একটি নিবাহী পরিষদ থাকবে, যার সভাপতি হবেন সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান।

৩. সরকার কর্তৃক প্রদত্ত Fund/বাজেট ২০১০ সালে প্রণীত আইনের বলে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউটের পরিচালক ও নিবাহী পরিষদের চেয়ারম্যান যৌথ স্বাক্ষরে পরিচালনা করছেন। এতে প্রতিষ্ঠানের কার্যাবলী বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে কিনা তা আলোচনার জন্য সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ গ্রহণ করেন এবং আণুপঞ্জভাবে বিষয়টি আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

• সরকারের সাথে সম্পাদিত চুক্তিনামার ব্যত্যয় না ঘটিয়ে বান্দরবান ও রাজশাহী ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউটের ন্যায় খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট ও সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের নিকট হস্তান্তর করা হবে। অন্যরূপ সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত অন্য দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান যেভাবে কার্যনির্বাহ করছে খাগড়াছড়িও সেভাবে করবে।

• ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা আইন, ২০১০ অনুযায়ী তহবিল/বাজেট জেলা পরিষদে হস্তান্তরের কোন সুযোগ নেই।

৪. গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি আলোচনায় যতি টানেন।

স্বাক্ষরিত/-

১৩-০৪-২০১৫

ড. রণজিৎ কুমার বিশ্বাস এনডিসি
সচিব।

অ: পূ: দ্র:

রাষ্ট্রীয় কার্য ক্রমবহু
খোলা ডাক

-০২-



তারিখ: ০৪/০৫/২০১৫

স্মারক : সবিম/শা:৭/খাগড়াছড়ি-০১/২০০৭/২৭৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ২। জনাব মো: মসিউর রহমান, অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। জনাব মাহবুবা মশকুর, অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জনাব পরিমল কুমার দেব, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। জনাব মোঃ জবেদ আলী, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। জনাব শহীদুল ইসলাম, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। জনাব মো: জাহাঙ্গীর হোসেন চৌধুরী, সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
- ৮। জনাব সুদন্ত চাকমা, উপসচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। জনাব মো: আব্দুর রহমান তরফদার, নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ১০। বেগম ফাহিমদা আখতার, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। জনাব মুহঃ মদ নাসির উদ্দীন, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ১২। জনাব সুসময় চাকমা, উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

সরদার মতিয়ার রহমান
সিনিয়র সহকারী সচিব

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

পরিশিষ্ট 'ক'

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট খাগড়াছড়ির জনবল ও পরিসম্পদ পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ির ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে হস্তান্তরের লক্ষে ২৯-০৩-২০১৫ বেলা ১১.০০ টায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. রণজিৎ কুমার বিশ্বাস এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে আস্ত মন্ত্রণালয় সভায় উপস্থিতির তালিকা।

ক্রমিক	নাম, পদবী ও ঠিকানা
১.	জনাব মো: মসিউর রহমান, অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২.	জনাব মাহবুবা মশকুর, অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩.	জনাব পরিমল কুমার দেব, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪.	জনাব মোঃ জবেদ আলী, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫.	জনাব শহীদুল ইসলাম, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৬.	জনাব মো: জাহাঙ্গীর হোসেন চৌধুরী, সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
৭.	জনাব সুদন্ত চাকমা, উপসচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৮.	জনাব মো: আব্দুর রহমান তরফদার, নিবাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৯.	বেগম ফাহিমদা আখতার, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১০.	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১১.	জনাব সুসময় চাকমা, উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠী খাগড়াছড়ি।